আমার বন্ধু সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে তিনটি বিষয়ে নির্দেশ দিয়েছেন: প্রতি মাসে তিন দিন করে সওম পালন করা এবং দু‘রাক‘আত সালাতুয-যুহা(চাশতের নামাজ) এবং ঘুমানোর পূর্বে বিতর সালাত আদায় করা।

আবূ হুরাইরাহ্ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত; তিনি বলেন, আমার বন্ধু সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে তিনটি বিষয়ে নির্দেশ দিয়েছেন: প্রতি মাসে তিন দিন করে সওম পালন করা এবং দু‘রাক‘আত সালাতুয-যুহা(চাশতের নামাজ) এবং ঘুমানোর পূর্বে বিতর সালাত আদায় করা।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু বর্ণনা করেন যে, তাঁর প্রিয় সঙ্গী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে উপদেশ দেন এবং তাঁকে তিনটি অসিয়ত করেন: প্রথমটি: প্রতি মাসে তিন দিন সিয়াম রাখা। দ্বিতীয়: প্রতিদিন দুই রাকাত দুহার সালাত(চাশতের নামাজ)। তৃতীয়: ঘুমের আগে বিতর সালাত । এটি তার জন্য যে রাতের শেষভাগে জেগে না উঠার ভয় করেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4538